

6(D)

M.A/Part-I/Beng./P-II/DODL/21

২০২১

বাংলা

এম. এ. প্রথম বর্ষ (DODL)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

পর্যায় : ১

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

১। ভাষার সংজ্ঞা দাও। ভাষাতত্ত্বের বিভিন্ন শাখা যেমন ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও শব্দার্থতত্ত্ব সম্পর্কে আলোচনা করো।

১৫

২। বাংলা ভাষার প্রাচীনতম নিদর্শনগুলির উদাহরণ দিয়ে এই ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ রেখচিত্রসহ বর্ণনা করো।

১৫

৩। মৌলিক স্বরধ্বনি বলতে কী বোঝ? বাংলা মৌলিক স্বরধ্বনির পরিচয় চিত্রসহ আলোচনা করো।

১৫

৪। মধ্যযুগের বাংলা ভাষার কালসীমা ও নিদর্শন উল্লেখ করে এই পর্বের ধ্বনিতাত্ত্বিক রূপতাত্ত্বিক ও ছন্দোগত বৈশিষ্ট্য নিরূপণ করো।

১৫

৫। আই.পি.এ. বলতে কী বোঝ? বাংলা ভাষার কোনো অনুচ্ছেদকে আই.পি.এ-তে রূপান্তরের নিয়মগুলি লিপিবদ্ধ করো। তোমার পছন্দমতো দশটি বাক্য বেছে নিয়ে আই.পি.এ-তে রূপান্তর করো।

১৫

[পরের পাতায়]

৬। পুরুষের সংজ্ঞাসহ শ্রেণিবিভাগ করো। পুরুষের সঙ্গে ক্রিয়ার সম্পর্ক নিরূপণ করো।

১৫

নিম্নলিখিত প্রতিটি পর্যায় থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

$১৫ \times ৩ = ৪৫$

পর্যায় : ২

৭। চর্যাপদের সমাজচিত্র ও সাহিত্যমূল্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

অথবা

‘ভবনই গ্রহণ গভীর’ ও ‘নগরবাহিরি রে ডোষি’ পদ দুটির বাচ্যার্থ ও নিগূঢ়ার্থ ব্যাখ্যা করো।

১৫

পর্যায় : ৩

৮। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের ‘রাধাবিরহ’ অবলম্বনে বড়াই চরিত্রের ভূমিকা আলোচনা করো।

অথবা

‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে ক’টি’ খণ্ড রয়েছে? শ্রীকৃষ্ণকীর্তনের রাধাবিরহ খণ্ডটি প্রক্ষিপ্ত কিনা সে বিষয়ে যুক্তিসহ উত্তর দাও।

১৫

পর্যায় : ৪

৯। ‘আক্ষেপানুরাগের সর্বস্ব চন্ডীদাস, চন্ডীদাসের সর্বস্ব আক্ষেপানুরাগ —’ এই মন্তব্যের সাপেক্ষে আক্ষেপানুরাগের পদ রচনায় চন্ডীদাসের কৃতিত্ব নিরূপণ করো।

অথবা

অভিসার কাকে বলে? অভিসারের শ্রেষ্ঠ পদকর্তা কে? তাঁর রচিত কয়েকটি অভিসারের পদ আলোচনা করো।

১৫

6(D)

[2]